তথ্য কমিশন
প্রত্নতত্ত ভবন (তৃতীয় তলা) এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
ঢাকা

# কমিশন সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মরতুজা আহমদ<br>প্রধান তথ্য কমিশনার |
| সভার তারিখ | ১৩/০১/২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | কমিশনের সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত হলো। |

সভাপতি শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বর্তমান ক্রমবর্ধমান কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে বিশদ আলোচনা করেন। সকলকে সচেতন ও স্বাস্থ্যবিধি প্রতিপালন করে অফিসে দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। সে সাথে কোভিড-১৯ পরিস্থিতি মোকাবিলায় আগাম প্রস্তুতি গ্রহণের উদ্যোগ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে, আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তথ্য কমিশনের সচিবকে আহবান জানান। এ পর্যায়ে তথ্য কমিশনের সচিব পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | বিগত সভার সিদ্ধান্ত | অদ্য সভার আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | তথ্য কমিশনের স্ট্র্যাটিজিক প্ল্যান প্রস্তুতের জন্য কনসালটেন্ট নিয়োগ | **০১/০৬/২০২১ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত :**<br><br>একটি গুণগত, মানসম্মত ও কার্যকরী স্ট্রাটিজিক প্ল্যান প্রণয়নের লক্ষ্যে **Standard Request for Application (SRFA)** চূড়ান্তকরণের জন্য নিম্নোক্ত কমিটিকে দায়িত্ব প্রদান করা হলো:<br>জনাব সুরাইয়া বেগম এনডিসি,<br>তথ্য কমিশনার, তথ্য কমিশন-----আহবায়ক<br>সচিব, তথ্য কমিশন-----------------সদস্য<br>পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন---সদস্য<br>পরিচালক (গ.প্র.প্র), তথ্য কমিশন --সদস্য<br>জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন--সদস্য সচিব<br><br>**সর্বশেষ ১০/০৬/২০২১ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত :**<br>বর্নিত বিষয়ে প্রধান তথ্য কমিশনার মহোদয় জানতে চাইলে তথ্য কমিশনের সচিব জানান যে, কমিটির আহবায়ক জনাব সুরাইয়া বেগম এনডিসি, তথ্য কমিশনার, তথ্য কমিশন সংশ্লিষ্ট কাগজ/ ডকুমেন্ট পর্যালোচনাক্রমে আগামী রবিবার/ সোমবার (১৩/১৪-০৬-২০২১) অথবা অতিশ্রীঘ্রই একটি সভা আহবান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সম্মতি জ্ঞাপন করেছেন । | স্ট্রাটিজিক প্ল্যান প্রণয়নের লক্ষ্যে Standard Request for Application (SRFA) **চূ**ড়ান্তকরণের জন্য উপস্থাপিত খসড়ার উপর সভায় বিস্তারিত আলোচনান্তে Standard Request for Application (SRFA) অনুমোদন করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত-১: স্ট্রাটিজিক প্ল্যানের নাম - To Prepare Strategic Plan (2022-30) on RTI Act, 2009 along with a time bound action plan with special reference on RTI for woman নির্ধারণ করা হলো।<br><br>সিদ্ধান্ত-২: Payment এর ক্ষেত্রে Not accede 5 Lac এর পরিবর্তে 5 Lac or Negotiable অন্তর্ভূক্ত করতে হবে।<br><br>সিদ্ধান্ত-৩: আবেদনকারীর যোগ্যতা Preferably a Ph. D or Masters or at least o4 years Bachelor degree in any subject of a government recognized university এর পরিবর্তে Preferably a Ph.D or Masters degree in any subject of a government recognized university নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (গ.প্র.প্র.) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২। | আউটসোর্সিং এর ১৩টি পদ (০১টি পিয়ন ও ১২টি অফিস সহায়ক) এর চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ | **সর্বশেষ ১২/০৮/২০২১ তারিখের কমিশন সভায় গৃহীত সিদ্ধান্ত:**<br><br>**সিদ্ধান্ত-০২ :** তথ্য কমিশনের বিদ্যমান অর্গানোগ্রামের ১৩টি পদ জরুরিভাবে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন এবং স্থায়ীভাবে জনবল নিয়োগ না হওয়া পর্যন্ত বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় তথ্য কমিশনের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে 'তথ্য অধিকার আইন ২০০৯' এর ধারা- ২১ অনুযায়ী জনবল সরবরাহকারি প্রতিষ্ঠান মিথিলা এন্টারপ্রাইজ লিমিটেডের সাথে জুলাই ২০২১ থেকে ডিসেম্বর ২০২১ পর্যন্ত (০৬ মাস) ভূতাপেক্ষভাবে চলমান চুক্তির মেয়াদ বৃদ্ধি/ নবায়ন করতে হবে। | গত ১২/০৮/২০২১ তারিখের কমিশন সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক তথ্য কমিশনের বিদ্যমান আউটসোর্সিংয়ের ১৩টি পদে (১২টি অফিস সহায়ক এবং ০১টি পিয়ন এর জন্য) সেবা ক্রয়ের জন্য মিথিলা এন্টারপ্রাইজ লিমিটেডের সাথে বিগত ০৬/০১/২০১৯ তারিখে স্বাক্ষরিত চলমান চুক্তির মেয়াদ ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত নবায়ন করা হয়। সে মোতাবেক গত ৩১/১২/২০২১ তারিখ চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে। বিধায় কমিশনের স্বাভাবিক কার্যক্রম বজায় রাখার স্বার্থে আউটসোর্সিংয়ের ১৩টি পদে সেবা গ্রহণের নিমিত্ত বিষয়টি পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থাপন করা হয়েছে।<br>সে মোতাবেক তথ্য কমিশনের অর্গানোগ্রামের আউটসোর্সিংয়ের ২১টি পদের মধ্যে ১৩টি পদ (১২টি অফিস সহায়ক এবং ০১টি পিয়ন এর জন্য) রাজস্ব খাতে অস্থায়ীভাবে স্থানান্তরের লক্ষ্যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ গ্রহণ, উক্ত ১৩টি পদের মধ্যে ০৫টি পদসহ কমিশনের ২৬টি পদ ২০১৬ হতে ২০২২ সাল পর্যন্ত সংরক্ষণ এবং উক্ত ১৩টি পদের চুক্তির মেয়াদ উত্তীর্ণ সংক্রান্ত সভায় বিস্তারিত আলোচনা এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**সিদ্ধান্ত- ১:** তথ্য কমিশন হতে সচিব কমিটির সুপারিশ গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রেস- ২ শাখায় গত ২১-১১-২০২১ তারিখে প্রেরিত পত্রের বিষয়ে দ্রুত যোগাযোগ করে অগ্রগতি কমিশনকে অবহিত করতে হবে।<br><br>**সিদ্ধান্ত-২:** এছাড়া তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে সচিব কমিটির সুপারিশ গ্রহণের জন্য প্রেরিত প্রস্তাব পরবর্তী সচিব কমিটির সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির বিষয়টি নিশ্চিতের (প্রয়োজনে স্ব-শরীরে উপস্থিত থেকে) ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**সিদ্ধান্ত-৩:** বাস্তবতার নিরিখে কমিশনের স্বাভাবিক কার্যক্রম বজায় রাখার স্বার্থে পরবর্তী কমিশন সভায় বর্ণিত ১৩টি পদে সেবা ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | সচিব, তথ্য কমিশন<br>পরিচালক (প্রশাসন)<br>উপপরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | সচিব, তথ্য কমিশনের জন্য বরাদ্দকৃত কারের পরিবর্তে জীপ প্রতিস্থাপনের অনুমোদন | - | তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি বিধিমালা, ২০১১ অনুযায়ী তথ্য কমিশনের সচিব পদটি সরকারের সচিব/ অতিরিক্ত সচিব পদমর্যাদার।<br><br>অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর ১১/১০/২০১৮ তারিখের নং- ০৭.১৫৬.০২৬. ০০.০১.২০০৪(অংশ-১)-৫২৫ অনুযায়ী গ্রেড-১ ও গ্রেড- ২ পর্যায়ের কর্মকর্তাগণ ৯১.৬৬ লক্ষ টাকায় জীপ গাড়ি ক্রয়ের প্রাধিকারভুক্ত। এছাড়া তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে সারাদেশে জনঅবহিতকরণ সভা, তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এবং তথ্য অধিকার সংক্রান্ত অন্যান্য সভা, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের জন্য কার ব্যবহার করে বিভিন্ন জেলা-উপজেলায় দীর্ঘ যাত্রাপথের উচুনীচু রাস্তা কারের মাধ্যমে ভ্রমণ অত্যন্ত ঝুকিপূর্ণ। বিধায়, তথ্য কমিশনের বিদ্যমান টিওএন্ডইতে সচিব, তথ্য কমিশনের জন্য বরাদ্দকৃত ০১টি কারের স্থলে ০১টি জীপ গাড়ি প্রতিস্থাপনের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ** তথ্য কমিশনের বিদ্যমান টিওএন্ডইতে সচিব, তথ্য কমিশনের জন্য বরাদ্দকৃত ০১টি কারের স্থলে ০১টি জীপ গাড়ি বিধি মোতাবেক প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সচিব, তথ্য কমিশন<br>পরিচালক (প্রশাসন)<br>উপপরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | ২০১৪-১৬ আর্থিক সালের সাধারণ অনুচ্ছেদ নং ০৪ এর (জনাব মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর সংশ্লিষ্ট) উপর নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাবের উপর হিসাব শাখা হতে অনুমোদিত সিদ্ধান্ত বাস্তবায়ন; | - | ২০১৪-১৬ আর্থিক সালের সাধারণ অনুচ্ছেদ নং ০৪ এর (জনাব মিজানুর রহমান, কম্পিউটার অপারেটর সংশ্লিষ্ট) উপর নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাবের উপর বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর হতে প্রদত্ত মন্তব্যের/মতামতের আলোকে তথ্য কমিশনের অফিস আদেশ নং- তকক/ প্রশা-৭৯/২০১১-৩২৮৫ তারিখ ২০-০৯-২০১৫ বাতিলপূর্বক ইন-সার্ভিস ডিপার্টমেন্টাল ট্রেনিং এ উত্তীর্ণ হওয়ার তারিখ ০৩/০২/২০১৪ হতে স্কেল উন্নীতকরণ সংক্রান্ত অফিস আদেশ নং- তকক/ প্রশা-৭৯/২০১১-৭২৪(১৪) তারিখ ১৮ ফেব্রুয়ারি, ২০১৪ বহাল রেখে তার অতিরিক্ত গৃহীত বেতনভাতা আদায় করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>এক্ষেত্রে উল্লেখ্য, অফিস আদেশ নং- তকক/ প্রশা-৭৯/২০১১-৩২৮৫ তারিখ ২০-০৯-২০১৫ মূলে কম্পিউটার অপারেটর ছাড়াও তথ্য কমিশনে বর্তমানে কর্মরত অপর দুইজন ডাটা এন্ট্রি অপারেটর (জনাব মোঃ মামুন এবং জনাব মৌ রানী বিশ্বাস) অর্থাৎ মোট তিন জন কর্মচারী চাকরিতে যোগদানের তারিখ হতে আপগ্রেড বেতন স্কেলের বেতন নির্ধারণী সুবিধা এবং আর্থিক সুবিধা বকেয়াসহ বেতন বিলের মাধ্যমে গ্রহণ করেছেন। ২০/০৯/২০১৫ তারিখের আদেশটি বাতিল করা হলো তিনজন কর্মচারির জন্য তা প্রযোজ্য হবে মর্মে কমিশন একমত পোষণ করেন।<br>**সিদ্ধান্ত- ১:** অডিট অধিদপ্তরের মতামতের আলোকে তথ্য কমিশনের অফিস আদেশ নং- তকক/ প্রশা-৭৯/২০১১-৩২৮৫ তারিখ ২০-০৯-২০১৫ বাতিল করা হলো। উক্ত আদেশ বলে ০৩ জন কর্মচারির নিকট হতে বিধি মোতাবেক অতিরিক্ত গৃহীত বেতনভাতা হিসাব শাখার মাধ্যমে আদায় করতে হবে।<br>**সিদ্ধান্ত- ২:** ইন-সার্ভিস ডিপার্টমেন্টাল ট্রেনিং এ উত্তীর্ণ হওয়ার তারিখ ০৩/০২/২০১৪ হতে স্কেল উন্নীতকরণ সংক্রান্ত অফিস আদেশ নং- তকক/ প্রশা-৭৯/২০১১-৭২৪(১৪) তারিখ ১৮ ফেব্রুয়ারি, ২০১৪ বহাল রাখা হলো। সে মোতাবেক ০৩ (তিন) জন কর্মচারি বিধি মোতাবেক বেতনভাতা প্রাপ্য হবেন। | সচিব, তথ্য কমিশন<br><br>পরিচালক (প্রশাসন) উপপরিচালক (প্রশাসন)<br><br>সহকারি পরিচালক (হিসাব ও বাজেট), তথ্য কমিশন |

<table>
<tr>
<td>০৫।</td>
<td>তথ্য কমিশনের ২য় ও ৩য় শ্রেণির পদের পদোন্নতি কমিটি গঠন</td>
<td>সর্বশেষ ০১/০৬/২০২১ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত :<br>০১। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক "কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন" এবং তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৯ তে পদোন্নতির সুযোগ থাকায় বিগত ১৩ এপ্রিল ২০১৭ এবং বিগত ০৮ জুলাই ২০১৯ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ব্যক্তিগত কর্মকর্তা ও উচ্চমান সহকারী পদ দুটি পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য সংরক্ষণ করার বিষয়ে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৫। পদোন্নতি প্রদানযোগ্য পদে পদোন্নতি প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৯ অনুযায়ী বিধিমোতাবেক এতদসংক্রান্ত কমিটি গঠনের মাধ্যমে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>গত ০১/০৬/২০২১ তারিখের কমিশন সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ব্যক্তিগত কর্মকর্তা ও উচ্চমান সহকারী পদ দুটিতে পদোন্নতি প্রদানের লক্ষ্যে কার্যক্রম শুরু করার নিমিত্ত তথ্য কমিশনের (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি বিধিমালা, ২০১১ এবং সরকারি বিধিবিধান পর্যালোচনা পূর্বক কমিটি গঠন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্তঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন/ সরকারী নির্দেশনা অনুযায়ী তথ্য কমিশনের ২য় ও ৩য় শ্রেণীর পদে পদোন্নতির জন্য পৃথক পৃথক নিম্নবর্ণিত ০২টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২য় শ্রেণির পদে পদোন্নতির জন্য বাছাই কমিটিঃ
<table>
<tr><td>০১</td><td>সচিব, তথ্য কমিশন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>অর্থ মন্ত্রণালয়ের উপ সচিব পর্যায়ের একজন প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপ সচিব পর্যায়ের একজন প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
৩য় শ্রেণির পদে পদোন্নতির জন্য বাছাই কমিটিঃ
<table>
<tr><td>০১</td><td>পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>উপসচিব/সিনিয়র সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয় (প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>উপ পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td>
<td>সচিব, তথ্য কমিশন<br>পরিচালক (প্রশাসন)<br>উপপরিচালক (প্রশাসন)</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬। | অনলাইন ট্র্যাকিং সিস্টেম | উক্ত বিষয়ে সর্বশেষ গত ০৩/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তঃ<br><br>১। প্রস্তাবিত জেলা পর্যায়ে প্রশিক্ষণ মডিউলে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম অন্তর্ভুক্ত করা।<br>সিদ্ধান্তঃ পূর্বের ন্যায় সকল জেলায় প্রশিক্ষণে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম অন্তর্ভুক্ত করা হবে।<br><br>২। আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম বিষয়ে ডি-নেট হতে একটি পত্র পাওয়া গিয়েছে। সচিব, তথ্য কমিশন, পরিচালক (প্রশাসন) ও সহকারি প্রোগ্রামার সচিব, তথ্য কমিশন বলেন যে, এবিষয়ে একটি সভা করা প্রয়োজন। সভায় সিস্টেমটির অগ্রগতি, সমস্যা, পরবর্তী করনীয় ইত্যাদি বিষয় আলোচনান্তে পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। | দেশের জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের জন্য তথ্য কমিশন ডিনেট সমঝোতা স্মারকের আলোকে আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম নির্মাণ করেছে। সিস্টেমটি সিলেট জেলার সিলেট সদর উপজেলা এবং দক্ষিণ সুরমা উপজেলায় পাইলটিং করা হয়েছে। দেশব্যাপী সিস্টে মটি বাস্তবায়নের জন্য একটি রোডম্যাপ/ কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাজেট বিশ্লেষন করা প্রয়োজন। এ নিমিত্ত ডিনেট, এটুআই, মন্ত্রিপরিষদ বিভাগে সাথে যৌথভাবে ০২ টি সভা এবং পরবর্তিতে এটুআই এর সাথে পৃথকভাবে ০৩ টি সভা (জুম অ্যাপের মাধ্যমে) করা হয়েছে। একটি খসড়া রোডম্যাপ/ কর্মপরিকল্পনা প্রনয়ন ও বাজেট বিশ্লেষন করার লক্ষ্যে হোম ওয়ার্ক হিসেবে প্রতিষ্ঠান তিনটিতে প্রয়োজনীয় মতামত চেয়ে ইমেল প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের মতামতের ভিত্তিতে ই-নথি, জি আর এস, ও এনআইডি সিস্টেমের সাথে একীভূত করার বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়। শীঘ্রই একটি কর্মশালা করে রোডম্যাপ/ কর্মপরিকল্পনাটি চূড়ান্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>সিদ্ধান্তঃ সম্মানিত তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি মহোদয়ের সভাপতিত্বে ডিনেট, এটুআই, মন্ত্রিপরিষদ বিভাগে সাথে শীঘ্রই একটি সভা/ কর্মশালা করে সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে। | |
| ০৭। | বিবিধ | - | - | |

অত:পর, সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মরতুজা আহমদ
প্রধান তথ্য কমিশনার

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৪.২০.২৮

তারিখ: ১৬ মাঘ ১৪২৮
৩০ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব , সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

২) পরিচালক, পরিচালক(প্রশাসন, অর্থ ও আইটি) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৩) পরিচালক , পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৪) উপ-পরিচালক, উপ-পরিচালক (গবেষণা, প্রকাশনা ও প্রশিক্ষণ) এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৫) একান্ত সচিব, তথ্য কমিশনার-১ এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৬) একান্ত সচিব, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৭) সহকারী পরিচালক, সহকারী পরিচালক(প্রশিক্ষণ), তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৮) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

৯) সহকারী পরিচালক, হিসাব ও বাজেট শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

১০) গবেষণা কর্মকর্তা, গবেষণা কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

১১) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ কর্মকর্তা এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

১২) সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা

মো: মাহবুবুল আহসান
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)